

৪৭-৫৫

সিলেট মেডিক্যাল কলেজ ও ছাত্রাবাস বন্ধ ঘোষণা

সিলেট, ২৪শে মার্চ (জেলা
বার্তা পরিবেশকের ফোন)।--
সিলেট মেডিক্যাল কলেজ ও
ছাত্রাবাস অনিদিষ্টকালের জন্য
বন্ধ করে দেয়া হয়েছে। কলেজ
এলাকায় এখনো সাদ্কা আইন
বলবৎ আছে। সিলেট মেডিক্যাল
কলেজের ছাত্র ও পাশ্চাত্য এলা-
কার লোকজনের মধ্যে গত দু-
দিনের সংঘর্ষের দরুন স্থল পরি-
স্থিতি নিয়ন্ত্রণে আনার উদ্দেশ্যে
কর্তৃপক্ষ আজ সকালে কলেজ ও
ছাত্রাবাস অনিদিষ্টকালের জন্য
বন্ধ ঘোষণা করেন। দুপুরে কড়া
পুলিশ প্রহরায় ছাত্র-ছাত্রীদের
ছাত্রাবাস থেকে তাদের নিজ নিজ
বাড়ীঘরে পাঠানোর ব্যবস্থা করা
হয়।

এদিকে সিলেট মেডিক্যাল
কলেজ হাসপাতালের ডাক্তার ও
কর্মচারীরা কাজ না করায় হাস-
পাতালে মারাত্মক অচলাবস্থা
সৃষ্টি হয়েছে। বেশীর ভাগ রোগী
হাসপাতাল ছেড়ে চলে গেছে।
কলেজ ও হাসপাতাল এলাকার
অবস্থা এখনো খমখমে।

জেলা ১৫ দল ও ৭ দল নেতৃ-
বৃন্দ এবং সিলেট পৌরসভার
চেয়ারম্যান ও কমিশনারগণ এক
যুক্ত বিবৃতিতে আকস্মিকভাবে
মেডিক্যাল কলেজ ও ছাত্রাবাস
বন্ধ ঘোষণা করার এবং ছাত্র-ছাত্রী-
দের পুলিশ প্রহরার বাড়ীতে পাঠিয়ে
দেয়ার ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা
জ্ঞাপন করেছেন।